



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

১৪/৬-১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬

ফোন- ০১৭৬৯-৭২১০১০, ফ্যাক্স- ০২-৫৮০৫১০১০

ই-মেইল: regoffice@bsmrmu.edu.bd, ওয়েব: www.bsmrmu.edu.bd



স্মারক নং : বিএসএমআরএমইউ/রেজি-৩০৭/২১/১ ডিসেম্বর

তারিখ: ২৭ জুন ২০২১

অফিস আদেশ নং (১) /২০২১ (জরুরী বিজ্ঞপ্তি)

১। এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির ৩১তম একাডেমিক কাউন্সিলের সভার আলোচ্য বিষয় ০২ এর সিদ্ধান্তক্রমে আগামী ২৭ জুন ২০২১ তারিখ থেকে স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণীর পরীক্ষাসমূহ গ্রহণ করার কথা ছিল। কিন্তু করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে সরকার কর্তৃক কঠোর লকডাউন ঘোষণা করায় বিশ্ববিদ্যালয়ের স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণীর সকল পরীক্ষাসমূহ আপাতত স্থগিত ঘোষণা করা হলো।

২। পরিস্থিতি স্বাভাবিক হলে পরীক্ষা কমিটি কর্তৃক ঘোষিত সময়সূচি অনুযায়ী পরীক্ষা (প্রশ্নারোধ বা অনলাইন) নেয়া শুরু হবে। উক্ত সময়সূচি শিক্ষার্থী সহ সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে অবহিত করা হবে।

৩। বর্তমান চলমান লকডাউন ও আসম শাটডাউন পরিস্থিতির কথা বিবেচনা করে পরীক্ষায় অংশগ্রহণের জন্য বাংলাদেশের বিভিন্ন অঞ্চল হতে আগত শিক্ষার্থীদের যাতায়াতের সুবিধার্থে নিম্নবর্ণিত রটসমূহে আগামী ২৭ জুন ২০২১ বিশ্ববিদ্যালয়ের নিজস্ব পরিবহন যোগে পৌঁছে দেয়া হবে। স্ব স্ব গাড়ী সকাল ০৭ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ের প্রাঙ্গণ হতে ছেড়ে যাবে:

- ক। ঢাকা-কুমিল্লা-ফেনি-চট্টগ্রাম এবং ফেরত।
- খ। ঢাকা-টাঙ্গাইল-মধুপুর-সিরাজগঞ্জ-নাটোর-বগুড়া এবং ফেরত।
- গ। ঢাকা-আরিচা-মাওরা-যশোর -খুলনা-গোপালগঞ্জ-ভাঙা এবং ফেরত।
- ঘ। ঢাকা-ময়মনসিংহ এবং ফেরত।

৪। অনলাইনে ক্লাস এবং ক্লাস টেস্ট, এসাইনমেন্ট, ভাইভা, প্রজেন্টশন পরীক্ষাগুলো চলমান থাকবে।

৫। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

ভাইস-চ্যাম্পেলর মহোদয়ের নির্দেশক্রমে



আনিসুর রহমান মোল্লা
কমডোর বিএন
রেজিস্ট্রার

বিতরণ:

কার্য:

সকল বিভাগ/দপ্তর/শাখা/ইন্সটিউশন

অবগতি (জ্যোঠার ত্রুমানন্দারে নয়):

ভাইস-চ্যাম্পেলর মহোদয়

- সদয় অবগতির জন্য।

ত্রৈজারার।

সকল ডিন।

পরীক্ষা নিয়ন্ত্রক।

পরিচালক, আইসিটি - ওয়েবসাইটে আপলোড এবং প্রযুক্তির মাধ্যমে সকলকে অবহিতকরণের অনুরোধ সহ।

অফিস কপি।